ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৫২৮

খোয়াই, ৫ মে, ২০২৫

**শিশুর অধিকার ও আইনি সুরক্ষা বিষয়ে খোয়াইয়ে সচেতনতামূলক কর্মসূচি**

তুলাশিখর ব্লক এলাকায় চেথুয়াং কমিউনিটি হলে গত ৩ মে জাতীয় শিশু অধিকার সুরক্ষা কমিশন, ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশন এবং শিক্ষা দপ্তরের যৌথ উদ্যোগে এক সচেতনতামূলক কর্মসূচি আয়োজিত হয়। শিশুর অধিকার আইন, পকসো আইন, পিসিএম আইন, বাল্যবিবাহ প্রতিরোধ এবং মাদকশক্তি থেকে শিশুদের রক্ষা সংক্রান্ত বিষয়ের উপর এই সচেতনতামূলক কর্মসূচিতে বিদ্যাজ্যোতি তুলাশিখর রাজনগর উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা অংশ গ্রহণ করে। অনুষ্ঠানের উদ্বোধন করেন ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারম্যান জয়তী দেববর্মা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন টিসিপিসিআর-এর সদস্যা চামেলি সাহা, মানিক দেববর্মা, মৈত্রেয়ী দেব দত্ত, ঝুমা বিশ্বাস প্রমুখ। অনুষ্ঠানে টিসিপিসিআর চেয়ারম্যান জায়তী দেববর্মা বলেন, শিশুরা আমাদের ভবিষ্যৎ। তাদের অধিকার, নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করা আমাদের সকলের দায়িত্ব। শিক্ষা ও সচেতনতাই পারে শিশুদের জীবনে ইতিবাচক পরিবর্তন আনতে। তিনি আরও বলেন, কমিশন শিশুদের জন্য একটি সুরক্ষিত ও সুন্দর পরিবেশ গড়ে তোলার লক্ষ্যে নিরলস কাজ করে চলেছে। অনুষ্ঠানটি শিক্ষার্থীদের মধ্যে শিশু অধিকার সংক্রান্ত আইন ও সামাজিক বিষয় নিয়ে সচেতনতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। অনুষ্ঠানে শিশুদের অধিকার এবং তাদের আইনি সুরক্ষার বিষয়গুলির উপর বক্তব্য রাখেন বিশিষ্ট আইনজীবি সুচিত্রা ত্রিপুরা এবং ত্রিপুরা ন্যাশনাল ল' ইউনিভার্সিটির ছাত্রী বিন্ধিয়া চৌধুরি। স্বাগত ভাষণ রাখেন টিসিপিসিআর-এর সদস্য সচিব স্বপন দাস। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের ভাইস প্রিন্সিপাল অমূল্য দেববর্মা।

অনুষ্ঠান শেষে বিদ্যাজ্যোতি তুলাশিখর রাজনগর উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা বাল্যবিবাহ রোধের উপর একটি নাটক মঞ্চস্থ করে।

*****